রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.

স্মারক নং -পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/২৮/৬৯৯ তারিখ ঃ ২৪.০৪.২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত শূন্যপদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

ক্র. নং	পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা	বিভাগ/শাখা
১.	প্রফেসর- ০২ (দুই) টি বেতন স্কেলঃ ৫৬৫০০-৫৮৭৬০-৬১১২০-৬৩৫৭০-৬৬১২০-৬৮৭৭০-৭১৫৩০-৭৪৪০০/-'১৫ (গ্রেড-৩)	মাইক্রোবায়োলজি এন্ড পাবলিক হেলথ বিভাগ-১ টি বেসিক সায়েন্স বিভাগ-১টি
২.	সহযোগী অধ্যাপক- ০৪ (চার) টি বেতন স্কেলঃ ৫০০০০-৫২০০০-৫৪০৮০-৫৬২৫০-৫৮৫০০-৬০৮৪০-৬৩২৮০-৬৫৮২০-৬৮৪৬০-৭১২০০/-'১৫ (গ্রেড-৪)	মার্কেটিং বিভাগ-১ টি, ফিশারিজ টেকনোলজি বিভাগ-১ টি একুয়াকালচার বিভাগ-১ টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজি বিভাগ-১ টি
৩.	সহকারী অধ্যাপক- ১৭ (সতের) টি বেতন স্কেলঃ ৩৫৫০০-৩৭২৮০-৩৯১৫০-৪১১১০-৪৩১৭০-৪৫৩৩০-৪৭৬০০-৪৯৯৮০-৫২৪৮০-৫৫১১০-৫৭৮৭০-৬০৭৭০-৬৩৮১০-৬৭০১০/-'১৫ (গ্রেড-৬)	ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ-১ টি, মেরিন ফিশারিজ এন্ড ওশোনোগ্রাফি বিভাগ-১ টি, ফিশারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগ-১ টি, ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট বিভাগ-১ টি, পরিবেশ বিজ্ঞান বিভাগ-১ টি, ইমার্জেন্সি ম্যানেজমেন্ট বিভাগ-১ টি, ডিজাস্টার রেজিলিয়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-৩ টি, হিউম্যান নিউট্রিশন এন্ড ডাইটেটিক্স বিভাগ-১ টি, ফুড মাইক্রোবায়োলজি বিভাগ-১ টি, এনভাইরনমেন্টাল স্যানিটেশন বিভাগ-১ টি, কম্পিউটার সায়েন্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ-১ টি, উদ্যানতত্ত্ব বিভাগ-১ টি, এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগ-১ টি, প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ-১ টি, মাইক্রোবায়োলজি এন্ড পাবলিক হেলথ বিভাগ-১ টি।

উপরোক্ত পদ সমূহে আবেদন করার যাবতীয় তথ্যাদি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কার্যালয় এবং পবিপ্রবি এর ওয়েবসাইট (www.pstu.ac.bd) থেকে সংগ্রহ করতে হবে। এছাড়া পবিপ্রবি এর ওয়েবসাইট (www.pstu.ac.bd) থেকেও আবেদন ফর্ম ডাউনলোড করা যাবে, সেক্ষেত্রে আবেদনপত্র জমা দেয়ার সময়ে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর সাথে আবেদনপত্র বাবদ ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

<u>আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ঃ</u> ০৩.০৫.২০১৮ খ্রি. (বিকেল ৫ টা পর্যন্ত)।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২৪/৪/১৮

(প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত)
রেজিস্ট্রার (অ.দা.)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Phone: +8804427-56008, PABX: +8804427-56014/221, FAX: +88-04427-56112, E-mail: registrar@pstu.ac.bd

২৪.০৪.২০১৮ খ্রি. তারিখের পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/১৮/৬১৯ স্মারক মর্মে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির তথ্যাদিঃ

ক্র.নং	পদের নাম, বেতন স্কেল ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	প্রফেসর- ০২ (দুই) টি বেতন স্কেলঃ ৫৬৫০০-৫৮৭৬০-৬১১২০-৬৩৫৭০-৬৬১২০-৬৮৭৭০-৭১৫৩০-৭৪৪০০/-'১৫ (গ্রেড-৩)	প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রীসহ মোট ১০ (দশ) বছরের বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা, যার মধ্যে বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে অন্ততঃ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্ণালে মোট ১০ (দশ) টি গবেষণা প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫ (পাঁচ) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। **অথবা** প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে এম.এস./ এম.এসসি./ এমবিএ/ এম.ফিল./ সমমানের ডিগ্রীসহ মোট ১১ (এগার) বছরের বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা, যার মধ্যে বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে অন্ততঃ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্ণালে ১২ (বার) টি গবেষণা প্রকাশনা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৬ (ছয়) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।
২.	সহযোগী অধ্যাপক- ০৪ (চার) টি বেতন স্কেলঃ ৫০০০০-৫২০০০-৫৪০৮০-৫৬২৫০-৫৮৫০০-৬০৮৪০-৬৩২৮০-৬৫৮২০-৬৮৪৬০-৭১২০০/-'১৫ (গ্রেড-৪)	প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রীসহ মোট ৬ (ছয়) বছরের বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার, যার মধ্যে বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে অন্ততঃ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্ণালে ৫ (পাঁচ) টি গবেষণা প্রকাশনা যার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। **অথবা** প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে এম.এস./এম.এসসি./এমবিএ/এম.ফিল./সমমানের ডিগ্রীসহ ৭ (সাত) বছরের বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা, যার মধ্যে বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে অন্ততঃ ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্ণালে ৭ (সাত) টি গবেষণা প্রকাশনা যার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৪ (চার) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।
৩.	সহকারী অধ্যাপক- ১৭ (সতের) টি বেতন স্কেলঃ ৩৫৫০০-৩৭২৮০-৩৯১৫০-৪১১১০-৪৩১৭০-৪৫৩৩০-৪৭৬০০-৪৯৯৮০-৫২৪৮০-৫৫১১০-৫৭৮৭০-৬০৭৭০-৬৩৮১০-৬৭০১০/-'১৫ (গ্রেড-৬)	**সহকারী অধ্যাপক (টেকনিক্যাল বিভাগসমূহ)** প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না। **অথবা** এম.এসসি./এম.এস./এম.ফিল. ডিগ্রীসহ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে অন্যূন ২ (দুই) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত জার্ণালে ২ (দুই) টি গবেষনা প্রকাশনা থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না। **সহকারী অধ্যাপক (নন-টেকনিক্যাল বিভাগসমূহ)** প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না। **অথবা** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের সকল স্তরে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড

ক্র.নং	পদের নাম, বেতন স্কেল ও পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
		থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে কমপক্ষে ২ (দুই) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে প্রাতিষ্ঠানিক জার্ণালে ২ (দুই) টি গবেষনা প্রকাশনা থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না।

শর্তাবলী ঃ

১. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত ১ থেকে ৩নং পদের জন্য ১০ (দশ) সেট দরখাস্ত রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী বরাবরে আগামী ০৩.০৫.২০১৮ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর সরাসরি/ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। ফরমের মূল্য ১০০/-(একশত) টাকা। আবেদনপত্র পবিপ্রবি এর ওয়েবসাইট (www.pstu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। সেক্ষেত্রে আবেদনপত্র জমা দেয়ার সময়ে ৯ নং ক্রমিকে উল্লিখিত ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর সাথে আরো ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

২. প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা দ্বারা সত্যায়িত) সংযুক্ত করতে হবেঃ-
(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট;
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র;
(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

৩. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না।

৪. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবশ্যই আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৫. সরকারী বিধি-বিধানের আলোকে নিয়োগ পদ্ধতিতে বিভিন্ন কোটা অনুসরণযোগ্য। তবে মুক্তিযোদ্ধা প্রার্থীদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্রের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারি বিধি/পবিপ্রবি বিধান মোতাবেক নিয়োগের শর্তাবলী শিথিলযোগ্য।

৬. উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

৭. অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী যথাযথ অভিজ্ঞতার বিবরণ দিতে হবে।

৮. বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিভাগে কর্মরতরা অগ্রাধিকার পাবেন।

৯. আবেদনপত্রের সাথে 'পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী' শিরোনামে রূপালী ব্যাংক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে (রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে) জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড ৩ থেকে ৫ এর জন্য ১০০০/- (এক হাজার) টাকা, গ্রেড ৬ থেকে ১০ এর জন্য ৮০০/- (আটশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১০. প্রার্থীকে আবেদনকৃত পদের নাম ও বিভাগের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১১. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত এবং/ অথবা মৌখিক পরীক্ষার ভিত্তিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না (শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে)। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৪. যে কোন পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫. অভিজ্ঞতার ক্ষেত্রে প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীর অভিজ্ঞতা বিবেচ্য হিসেবে গন্য হবে।

১৬. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রার্থীরা স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানের মাধ্যমে তাঁদের আবেদন অগ্রগামী করতে পারবেন। এ ক্ষেত্রে তাঁদের প্রশাসনিক অনুমোদনের প্রয়োজন হবে না।

১৭. নিয়োগের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত
রেজিস্ট্রার (অ.দা.)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।